

🔳 উপদেশ

বিভাগ/অধ্যায়ঃ ৩৮. বিদ্যায় ত্রুটি জাতির ধ্বংস রচয়িতা/সঙ্কলকঃ আব্দুর রায্যাক বিন ইউসুফ

বিদ্যায় ত্রুটি জাতির ধ্বংস - ১

णाझार वर्णन, رَبِنَ وَلُوْ رَبِّ رِدْنِي عِلْمٌ 'रह नवी! आপिन वनून, रह आभात প্রতিপালক! आभात विদ্যা বেশী করে দাও' (ত্বা-হা ১১৪)। অত্র আয়াত প্রমাণ করে বিদ্যা আল্লাহর নিকট চাইতে হবে। তিনি আরো বলেন, মৃথ के विदेष के विदेष

खन्य आशारा बाह्मार वर्णन, قُلُ هَلْ يَسْتَوِي الَّذِيْنَ يَعْلَمُوْنَ وَالَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ إِنَّمَا يَتَذَكَّرُ أُولُو الْأَلْبَابِ (रह नवी! व्याश कानी वर्णन, याता कानी व्यात कानी नय वाता कि स्त्रान? निक्य काना मानूस उपलिस वरण करत' (यूमात कि)। बाह्मार बन्य वर्णन वर्णन, हिंदे हिंदी विदेश कि। बाह्मार बन्य वर्णन वर्णन, हिंदे हिंदी विदेश हिंदी ह

عَنْ حُذَيْفَةَ بْنِ الْيَمَانِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم فَضْلُ الْعِلْمِ خَيْرٌ مِنْ فَضْلِ الْعِبَادَةِ وَخَيْرُ دَيْنِكُمُ الْوَرَعُ.



হুযায়ফ ইবনুল ইয়ামান (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, 'ইলমের মর্যাদা ইবাদতের মর্যাদার চেয়ে অনেক বেশী। আর তোমাদের উত্তম দ্বীন হল পরহেযগারিতা' (আত-তারগীব ওয়াত তারহীব হা/১০০)।

عَنْ صَفْوَانَ بْنِ عَسَّالِ الْمَرَادِي رضي الله عنه قَالَ أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم وَهُوَ فِي الْمَسْجِدِ متكىء على برد له أحمر فَقُلْتُ لَهُ يَا رَسُوْلَ اللهِ إِنِّيْ جِبِّتُ أَطْلُبُ الْعِلْمَ فَقَالَ مَرْحَبًا بِطَالِبِ الْعِلْمِ إِنَّ طَالِبَ الْعِلْمِ تحفه الملائكة بأجنحتها ثم يركب بعضهم بعضا حتى يبلغوا السماء الدنيا من محبتهم لما يطلب.

ছাফওয়ান ইবনু আসসাল (রাঃ) বলেন, আমি নবী করীম (ছাঃ)-এর নিকট আসলাম, তখন তিনি লাল চাদর গায়ে দিয়ে হেলান দিয়ে মসজিদে বসে ছিলেন। আমি তাকে বললাম, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আমি ইলম অর্জন করতে এসেছি। তিনি বললেন, ইলম অর্জনকারীর জন্য স্বাগতম। নিশ্চয়ই ইলম অর্জনকারীকে ফেরেশতাগণ তাদের ডানা দ্বারা ঘিরে থাকেন। অতঃপর তারা পরস্পর ঘিরে আকাশের দিকে যেতে থাকে। এমনকি ইলম অর্জনকারীর ভালবাসায় তারা প্রথম আকাশ পর্যন্ত পৌঁছে যায়' (আত-তারগীব ওয়াত তারহীব হা/১০৫)।

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم وَهُوَ يَقُولُ الدُّنْيَا مَلْعُونَةٌ مَلْعُونٌ مَا فِيهَا إِلاَّ ذِكْرَ اللهِ وَمَا وَالاَهُ وَعَالمًا وَمُتَعَلِّمًا.

আবু হুরায়রা (রাঃ) বলেন, আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি, 'পৃথিবী অভিশপ্ত। আর এতে যা কিছু আছে সবই অভিশপ্ত। তবে আল্লাহর যিকির এবং যে ব্যক্তি আল্লাহর যিকির করে তারা অভিশপ্ত নয়। আর আলেম ও যারা ইলম অর্জন করে তারা অভিশপ্ত নয়' (আত-তারগীব ওয়াত তারহীব হা/১১৪)।

عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو قَالَ قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بَلِّغُوا عَنِّي وَلَوْ آيَةً وَحَدِّثُوا عَنْ بَنِي إِسْرَائِيلَ وَلَا حَرَجَ وَمَنْ كَذَبَ عَلَىَّ مُتَعَمِّدًا فَلْيَتَبَوَّأْ مَقْعَدَهُ مِنْ النَّارِ ـ

আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, 'আমার পক্ষ হতে মানুষকে পৌঁছাতে থাক, যদিও একটি আয়াত হয়। বানী ইসরাঈলের নিকট হতে শুনা কথা বলতে পার, এতে কোন আপত্তি নেই। কিন্তু যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে আমার প্রতি মিথ্যা আরোপ করবে, সে যেন তার বাসস্থান জাহান্নামে প্রস্তুত করে নেয়' (বুখারী, মিশকাত হা/১৮৮)।

عَنْ مُعَاوِيَةَ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلِّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ يُرِدِ اللهُ بِهِ خَيْرًا يُفَقِّهْهُ فِي الدِّيْنِ وَإِنَّمَا أَنَا قَاسِمٌ وَاللهُ يُعْطَى ــ

মু'আবিয়া (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, 'আল্লাহ তা'আলা যার কল্যাণ কামনা করেন, তাকে দ্বীনের সুষ্ঠু জ্ঞান দান করেন। আর আমি নিছক বন্টনকারী এবং দান করেন আল্লাহই' (মুন্তাফার্কু আলাইহ, মিশকাত হা/১৯০)।

عَنِ ابْنِ مَسْعُوْدِ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: لاَ حَسَدَ إِلاَّ فِي اثْنَتَيْنِ رَجُلٍ آتَاهُ اللهُ مَالاً فَسَلَّطَهُ عَلَى هَلَكَتِهِ فِي الْحَقِّ وَرَجُل آتَاهُ اللهُ الْحِكْمَة فَهُوَ يقْضِيْ بِهَا وَيُعَلِّمُهَا ــ

আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, 'দুই ব্যক্তি ব্যতীত কেউ ঈর্ষার পাত্র নয়। প্রথম ব্যক্তি যাকে আল্লাহ ধন দান করেছেন এবং সাথে সাথে তাকে তা সত্যের পথে বা সৎকাজে ব্যয় করার প্রবল মনোবলও দান করেছেন এবং দ্বিতীয় ব্যক্তি যাকে আল্লাহ তা'আলা হিকমত দান করেছেন আর সে তাকে কাজে লাগায় এবং (লোকদের) শিক্ষা দেয়' (মুত্তাফারু আলাইহ,মিশকাত হা/১৯২)।



عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلِّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا مَاتَ الْإِنْسَانُ انْقَطَعَ عَمَلُهُ إِلاَّ مِنْ قَنْهُ وَلَا مِعْدَقَةٍ جَارِيَةٍ أَوْعِلْمٍ يُنْتَفَعُ بِهِ أَوْ وَلَدٍ صَالِحٍ يَدْعُو لَهُ _

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, 'যখন মানুষ মারা যায়, তখন তার আমল (ও তার ছওয়াব) বন্ধ হয়ে যায়। কিন্তু তিনটি আমল (এগুলির ছওয়াব বন্ধ হয় না), (১) ছাদাকায়ে জারিয়া, (২) ইলম-যার দ্বারা (লোকের) উপকার সাধিত হয় এবং (৩) সুসন্তান- যে তার জন্য দো'আ করে' (মুসলিম, মিশকাত হা/১৯৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8333

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন